# বাংলাদেশে মুক্তিযোদ্ধা লাঞ্ছিত
# বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়া প্রতিবাদ

সম্প্রতি বাংলাদেশের মাটিতে একজন মুক্তিযোদ্ধাকে চুড়ান্তভাবে লাঞ্ছিত করার ঘটনার প্রতিবাদে এবং অপরাধীদের বিচারের দাবীতে বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়া গত ৫ই আগস্ট ২০০৮ তারিখে একটি প্রতিবাদ সভার আয়োজন করে। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ অস্ট্রেলিয়ার সভাপতি মুক্তিযোদ্ধা জনাব মিজানুর রহমান তরুন এবং বাংলাদেশ থেকে আগত আমন্ত্রিত অতিথি লৌহজং থানার মুক্তিযোদ্ধা কমান্ডার জনাব হারুনুর রশিদ। সভায় সভাপতিত্ব করেন এসোসিয়েশনের সভাপতি জনাব হারুনুর রাশিদ এবং উপস্থাপনা করেন সাধারন সম্পাদক জনাব গিয়াসউদ্দিন মোল্লা।




*বাম থেকেঃ প্রাক্তন সভাপতি ফারুক খান, মুক্তিযোদ্ধা মিজানুর রহমান তরুন, সভাপতি হারুনুর রাশিদ, মুক্তিযোদ্ধা হারুন আজাদ ও সাধারন সম্পাদক গিয়াস মোল্লা*

বিশেষ অতিথির বক্তব্যে মিজানুর রহমান তরুন বলেন আজ নতুন নয় ১৯৭২ এর পর থেকেই মুক্তিযোদ্ধারা লাঞ্ছিত হয়ে আসছে। সম্প্রতি ঘটনা আমাদের স্মরন করিয়ে দিয়েছে যে মুক্তিযোদ্ধাদের মাঝে বিভেদের জন্যই স্বাধীনতার শত্রুরা এ কাজ করতে সাহস পাচ্ছে। এসোসিয়েশনের প্রাক্তন সভাপতি ফারুক খান যুদ্ধাপরাধীদের বিচার ও সম্প্রতি মুক্তিযোদ্ধাকে লাঞ্ছিত হবার ঘটনায় জড়িত ব্যক্তিদের বিচারের দাবীর প্রতি সমর্থন জানিয়ে বলেন কোন কোন মহল আমাদের মুক্তিযুদ্ধকে রাজনৈতিক ফায়দা লুটার জন্য ব্যবহার করে থাকে। এটা খুবই দুঃখজনক ঘটনা। মুক্তিযোদ্ধা হারুন আজাদ বলেন আমাদের স্বাধীনতা অর্জনে মুক্তিযোদ্ধাদের অবদান অনস্বীকার্য এবং আজ যে ঘটনা ঘটেছে তা জাতির ললাটে কলঙ্ক লেপে দিয়েছে। বাংলাদেশের স্বাধীন মাটিতে মুক্তিযোদ্ধা লাঞ্ছিত হবার ঘটনা লজ্জাকর এবং নিন্দনীয়। তিনি এই ঘটনার বিচার বিভাগীয় তদন্ত এবং দোষীদের কঠিন শাস্তি দাবী করেন। বাংলাদেশ থেকে আগত বিশেষ অতিথি মুক্তিযোদ্ধা কমান্ডার হারুনুর রশিদ বলেন তিনি সিডনিতে এসে এমন একটি সভায় উপস্থিত হতে পেরে নিজেকে সৌভাগ্যবান মনে করছেন এবং বলেন আজকের এই সভা প্রমান দিচ্ছে যে মুক্তিযোদ্ধাদের কেউ অসম্মান করতে পারবে না।

সভাপতির সমাপনী ভাষনে হারুনুর রাশিদ সবাইকে মনে করিয়ে দেন বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে আন্তর্জাতিক সমর্থন অর্জনের ব্রত নিয়ে বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়ার জন্ম হয়েছিলো। তিনি বলেন আজ আমরা এখানে একত্রিত হয়েছি জাতির এক কৃতি সন্তান মুক্তিযোদ্ধাকে অপমানিত করার প্রতিবাদে ও অপরাধীদের বিচারের দাবীতে। তিনি উপস্থিত সবার প্রতি এসোসিয়েশনের পক্ষ থেকে আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

সভায় বিএনপি নেতা লিয়াকত আলী স্বপন, ফজলুক হক শফিক, রোজী আখতার, মোহাম্মদ নাসিরুল হক, জাসাস অস্ট্রেলিয়ার সভাপতি বেল্লাল হোসেন ঢালী, আওয়ামী লীগ নেতা মোহাম্মদ আল নোমান শামীম, ছাত্রলীগ অস্ট্রেলিয়ার সাংগঠনিক সম্পাদক রুবেল, বিশিষ্ট জাদুকর আব্দুল জলিল সহ আরো অনেকে উপস্থিত ছিলেন।